



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ
নাসিরাবাদ, চট্টগ্রাম।
ওয়েব সাইট : cgwc.edu.bd



নম্বর : ৪২৬

তারিখ : ১২/০৩/২০২৪ খ্রিঃ

বিজ্ঞপ্তি

কলেজের সম্মানিত শিক্ষক, কর্মচারী ও সকল শ্রেণির ছাত্রীদের জানানো যাচ্ছে যে, “১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০২৪” উপলক্ষ্যে আবৃত্তি, রচনা ও শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। অত্রহী ছাত্রী ও শিশুদের আগামী ১৪/০৩/২০২৪ তারিখ, সকাল ১০.০০ ঘটিকায় ১০৯নং কক্ষে উপস্থিত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

আবৃত্তি প্রতিযোগিতা

| গ্রুপ | শ্রেণি | কবিতার শিরোনাম | মন্তব্য |
|-------|------------|------------------------------|-----------------------------|
| ক/খ | সকল শ্রেণি | বঙ্গবন্ধু- কবি মারুফুল ইসলাম | কবিতাটির পাণ্ডুলিপি সংযুক্ত |

রচনা প্রতিযোগিতা

| গ্রুপ | শ্রেণি | রচনার বিষয় | সময় সীমা |
|-------|--|----------------------------|-----------|
| ক | একাদশ ও দ্বাদশ | বঙ্গবন্ধুর শিক্ষা ভাবনা | ৩০ মিনিট |
| খ | স্নাতক (পাস ও অনার্স) স্নাতকোত্তর (প্রিলি ও চূড়ান্ত) | বঙ্গবন্ধুর অর্থনৈতিক দর্শন | ৩০ মিনিট |

শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা : শিক্ষক ও কর্মচারীদের সন্তান

| গ্রুপ | শ্রেণি | চিত্রাংকনের বিষয় | সময় সীমা |
|-------|-----------------------------|---------------------------------|-----------|
| ক | ৩য় শ্রেণি পর্যন্ত | একটি স্কুল অথবা প্রাকৃতিক দৃশ্য | ৩০ মিনিট |
| খ | ৪র্থ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত | শহিদ মিনার অথবা আদর্শ গ্রাম | ৩০ মিনিট |

বিঃ দ্রঃ- রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার জন্য প্রয়োজনীয় কাগজ কমিটির পক্ষ থেকে সরবরাহ করা হবে।

অন্যান্য উপকরণ প্রতিযোগীদের নিয়ে আসতে হবে।

১২.০৩.২৪

অধ্যক্ষ

চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ
চট্টগ্রাম।

১২/৩/২৪

(মোহাম্মদ খোরশেদুল আলম)

সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
ও আস্থায়ক

১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মদিবস
ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন কমিটি
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।



বঙ্গবন্ধু
মারুফুল ইসলাম

বাংলার বালক দাঁড়িয়ে থাকে, জানলার গরাদ ধরে।
সামনে বড় রাস্তা দিয়ে হেঁটে যায় ওরা,
এই তো সেইদিন
মা বলেছে-এর নাম মশাল মিছিল।
শ্লোগানে মুখরিত,
বাতাস প্রকম্পিত, আকাশ মল্লিত,
বালক শিহরিত, সর্বাঙ্গ রোমাঞ্চিত, হৃদয় স্পন্দিত।
মা ! মা ! আমার এমন লাগে কেন?
বুকের ভেতরে দ্রিমদ্রিম কি যেন বেজে ওঠে।
রক্তে ভাদ্র মাসের খোয়াই নদীর খরোশ্রোত,
মা ! মা ! আমার কী হয়েছে গো, মা!
সেই একবার, সুরমা নদীতে নৌকা বাইচ দেখতে গিয়ে
সহস্র মানুষের সহর্ষ চিৎকারে আর গানে আর বাদ্যে আর উল্লাসে
রক্ত দুলে উঠেছিল ঠিক এই রকম।
আজ আমার কী হলো মা !
মশাল থেকে ঠিকরে বের হয় আলো,
ছিটকে পড়ে স্ফুলিঙ্গ।
হাজার কণ্ঠ থেকে ধ্বনিত-প্রতিধ্বনিত হয়ে ওঠে
“আপোস না সংগ্রাম”
সংগ্রাম, সংগ্রাম।
কীসের সংগ্রাম, মা? কাদের সংগ্রাম? কেন এই সংগ্রাম?
মা শুনালেন গল্প-
জীবনের গল্প, ইতিহাসের গল্প, মানুষের গল্প, বাঙালীর গল্প,
মুক্তি সংগ্রামের গল্প, আর সেই গল্পের নায়ক-
অমৃত পুত্র, বঙ্গবন্ধু, সূর্য সন্তান, শেখ মুজিব।
বাংলার মানুষ শোনে আর ভাবে,
একটা মানুষের চোখে কোথা থেকে আসে এত স্বপ্ন?
একটা মানুষের মনে কোথা থেকে আসে এত প্রেম?
একটা মানুষের আগুলে কোথা থেকে আসে এত যাদু?
একটা মানুষের বুকে কোথা থেকে আসে এত সাহস?
একটা মানুষের কণ্ঠে কোথা থেকে আসে এত শক্তি?
হিন্দু, বৌদ্ধ, মুসলমান, খ্রিস্টান, চাকমা, মারমা, সাঁওতাল,
গারো, খাসিয়া, জৈন্তা, মনিপুরি- সাত কোটি বাঙালী
এক হৃদয়ের ভালোবাসায় সিক্ত,
এক স্বপ্নে

এক ধ্যানে

এক লক্ষ্যে

এক মন্ত্ৰে

ক্রমাগত উদ্বুদ্ধ প্রাণিত জাগ্রত যুথবন্ধ ।

এক যাত্রায় চঞ্চল ।

এক সংকল্পে সুস্থির ।

বাংলার বালক একটু একটু করে বড় হতে থাকে ।

আর খরখর কম্পিত অনুভবে দেখে,

মানুষের ভেতরে সংগঠিত হয়ে ওঠে মানুষ

শেষের বিরুদ্ধে রুখে দাঁড়ায় শোষিতরা ।

ভেঙ্গে যায় কারার ঐ লৌহ কপাট,

জেগে ওঠে অনশন বন্দী লাঞ্চিত ভাগ্যহতরা

অধিকার আদায়ে সোচ্চার হয় বঞ্চিত বাঙালী ।

বাংলার বালক জীবনের পথ ধরে হাঁটে ।

শ্যামল মাটির প্রান্তর জুড়ে হাঁটে ।

নদী বক্ষে মাছের ঘাঁই দেখে দেখে হাঁটে ।

সবুজ গাছ-গাছালির ছায়া সুনিবিড় মায়ায় হাঁটে ।

ফুল পাখির গান শুনে শুনে,

উদাসী বনের বায়ে হাঁটে ।

পূব থেকে পশ্চিম দিগন্তের দিকে হাঁটে,

ষড়ঋতুর হাত ধরে হাঁটে,

আর মন্দ্রিত আবেগ ভরে শোনে

উদয়ের পথে শোনে সেই প্রাণাধিক শব্দবন্ধ

দুঃখিনী বাংলা মায়ের বরপুত্র বঙ্গবন্ধুর বজ্রকণ্ঠে

জয়-বাংলা ॥

শোন হে ঘাতক দল, কান পেতে শোনো,

অবিনাশী প্রাণ সংহার করা যায় না ।

যতদিন আমাদের চেতনার রঙে পান্না হবে সবুজ,

চুনী উঠবে রাঙা হয়ে,

যতদিন আমরা চোখ মেললে জ্বলে উঠবে আলো

পূবে পশ্চিমে-

ততদিন সবার হৃদয়ে থাকবে বঙ্গবন্ধু ।

চেতনায় শেখ মুজিব ।

চেতনায় শেখ মুজিব ।